ক্রিকইনফোর সেরা ২০-এ বাংলাদেশের মুর্শিদা

আগামী ১০ বছর ক্রিকেট দুনিয়া শাসন করবেন এমন সম্ভাব্য ২০ জন নারী ক্রিকেটারের তালিকা প্রকাশ করেছে ক্রিকেটভিত্তিক ওয়েবসাইট ক্রিকইনফো। নিজের কৃতিত্ব দিয়ে এই তালিকায় জায়গা করে নিয়েছেন বাংলাদেশের বাঁহাতি ওপেনার মুর্শিদা খাতুন।

বিশ্বের নামকরা খেলোয়াড়, কোচ ও ধারাভাষ্যকারদের মতামতের ভিত্তিতেই নির্বাচন করা ভবিষ্যতের তারকা নারী ক্রিকেটারের এই তালিকা তৈরি করেছে ক্রিনইনফো।

বাংলাদেশ নারী ক্রিকেট দলে ২০১৮ সালে অভিষেক মুর্শিদার। এ পর্যন্ত দেশের হয়ে খেলেছেন পাঁচ ওয়ানডে আর দশটি টি-টোয়েন্টি। গেলো ফেব্রুয়ারিতে ব্রিসবেনে পাকিস্তানের বিপক্ষে ৩৮ বলে ৪৩ রানের ইনিংস খেলে আসেন আলোচনায়।

এছাড়া নারী বিশ্বকাপে ভারতের বিপক্ষে করা ২৬ বলে ৩০ রানের ইনিংসটি, তাকে চিনিয়েছে আলাদা করে। তাইতো আগামীতে নারী ক্রিকেট শাসন করবেন, এমন এক তালিকায় জায়গা করে নিয়েছেন ২১ বছর বয়সী মুর্শিদা। এই তরুণীকে বাংলাদেশের ভবিষ্যৎ সম্পদ বলেও আখ্যা দিয়েছে ক্রিকইনফো।

এই তালিকায় আছেন ৫ জন অস্ট্রেলিয়ান, ৪ জন ভারতীয়, ৩ জন ইংলিশ ক্রিকেটার। এছাড়া দুই জন করে দক্ষিণ আফ্রিকা ও ওয়েস্ট ইন্ডিজের এবং একজন করে শ্রীলঙ্কা, পাকিস্তান ও নিউজিল্যান্ডের নারী ক্রিকেটার আছেন।

ক্রিকইনফোর ভবিষ্যৎ সেরা ২০ নারী ক্রিকেটার

শেফালি ভার্মা (ভারত), সোফিয়া মলিনেক্স (অস্ট্রেলিয়া), লাউরা উলভার্ট (দক্ষিণ আফ্রিকা), সোফিয়া একলেস্টন (ইংল্যান্ড), ইশি ওয়ং ইংল্যান্ড), শাবিকা গাজনাবি (ওয়েস্ট ইন্ডিজ), অ্যামিলিয়া কের (নিউজিল্যান্ড) জেমি রদ্রিগেজ (ভারত), টাইলা ভ্লামিংক (অস্ট্রেলিয়া), সারাহ গ্লেন (ইংল্যান্ড), নাদন ডি ক্লার্ক (দক্ষিণ আফ্রিকা), রাধা যাদব (ভারত) উমাইমা সোহেল (পাকিস্তান), জর্জিয়া ওয়ারহ্যাম (অস্ট্রেলিয়া), সেনেতা গ্রিমন্ড (ওয়েস্ট

ইন্ডিজ), মুর্শিদা খাতুন (বাংলাদেশ), ফোবি লিচফিল্ড (অস্ট্রেলিয়া), রিচা ঘোষ (ভারত), কাভিশা দিলহারি (শ্রীলঙ্কা), অ্যানাবেল সাদারল্যান্ড (অস্ট্রেলিয়া)।

এশিয়ার সেরা ১০ ফুটবলারের তালিকায় বাংলাদেশের সাদ

এশিয়ার বিভিন্ন দেশের জাতীয় দল গত ১০ দিনে যে আন্তর্জাতিক ম্যাচ খেলেছে সে ম্যাচগুলোতে কারা ভালো পারফরম্যান্স করেছেন তার একটি সংক্ষিপ্ত তালিকা তৈরি করেছে এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি)।

এতে ১০ জনের তালিকায় জায়গা পেয়েছেন বাংলাদেশের আলোচিত ফরোয়ার্ড সাদ উদ্দিন। বাংলাদেশ জাতীয় ফুটবল দল গত ১৩ ও ১৭ নভেম্বর নেপালের বিপক্ষে মুজিববর্ষ ফিফা ইন্টারন্যাশনাল ফুটবল সিরিজ খেলেছে। যে সিরিজ বাংলাদেশ জিতেছে ১-০ ব্যবধানে। প্রথম ম্যাচে বাংলাদেশ ২-০ গোলে হারিয়েছে অতিথি দলটিকে। দ্বিতীয় ম্যাচ ড্র হয়েছে গোলশূন্য।

দুই ম্যাচেই দারুণ পারফরম্যান্স দেখান সাদ উদ্দিন। যদিও সিরিজ পুরস্কার পেয়েছেন আরেক ফরোয়ার্ড মাহবুবুর রহমান সুফিল। প্রথম ম্যাচের দুই গোলের প্রথমটি সাদ উদ্দিনের ক্রস থেকে করেছিলেন নাবিব নেওয়াজ জীবন। দুই ম্যাচে সাদ গোল না করলেও তিনি নেপালের রক্ষণভাগে ত্রাসের সৃষ্টি করতে পেরেছিলেন।

সেরা ১০ জনের মধ্যে থেকে দর্শকদের ভোটে একজন সেরা নির্বাচিত হবেন। সাদ উদ্দিন ছাড়া অন্য ৯ জনের মধ্যে দুজন করে ইরান ও ইরাকের এবং একজন করে সৌদি আরব, দক্ষিণ কোরিয়া, বাহরাইন, জর্ডান ও সংযুক্ত আরব আমিরাতের। ভোট শেষ হবে ২১ নভেম্বর।

দশজনের তালিকায় থাকা সাদকে নিয়ে এএফসি তাদের ওয়েবসাইটে লিখেছে, ‘ফুটবল ফিরেছে’ ব্যানারে ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে হওয়া ম্যাচে ২২ বছর বয়সী সাদ উদ্দিন দারুণ পারফরম্যান্স করেছেন, যা দেখে একটি উজ্জ্বল ভবিষ্যতের আশা জেগে উঠেছে বাংলাদেশি ভক্তদের

মনে।

দ্বিতীয় পরীক্ষায়ও করোনা পজিটিভ সালাহ

দ্বিতীয় পরীক্ষায়ও লিভারপুলের মিশরীয় ফরোয়ার্ড মোহাম্মদ সালাহ’র করোনা রিপোর্ট পজিটিভ এসেছে। ফলে তাকে আইসোলেশনে থাকতে হচ্ছে।

২৮ বছর বয়সী মিশরের দ্বিতীয় সর্বোচ্চ এই গোলদাতার করোনায় আক্রান্তের খবর গত ১৩ নভেম্বর এক বিবৃতিতে জানায় মিশর ফুটবল অ্যাসোসিয়েশন।

প্রথম পরীক্ষার ফল নিয়ে ধোঁয়াশা তৈরি হওয়ায় দ্বিতীয়বার সালাহর লালা পরীক্ষা করা হয়। চার দিনের মাথায় ওই রিপোর্টেও পজিটিভ এসেছে।

বর্তমানে মিশরে অবস্থান করছেন লিভারপুলের এই স্ট্রাইকার। দ্বিতীয় পরীক্ষায় নেগেটিভ না হওয়ায় রবিবার প্রিমিয়ার লিগে লিস্টার সিটির বিপক্ষে রেডদের জার্সিতে দেখা যাবে না সালাহকে। খেলতে পারবেন না ক্লাবের পরের দুটি ম্যাচেও।

লিস্টারের ম্যাচের তিন দিন পর আতালান্তার বিপক্ষে চ্যাম্পিয়নস লিগে মাঠে নামবে লিভারপুল। পরে ২৮ নভেম্বর ইউরোপিয়ান মঞ্চে ব্রাইটনের মুখোমুখি হবে দলটি।

উরুগুয়েকে হারিয়ে বিশ্বকাপ বাছাইপর্বে শীর্ষে ব্রাজিল

লাতিন আমেরিকা অঞ্চলের বিশ্বকাপ বাছাইয়ে উরুগুয়েকে হারিয়ে বিশ্বকাপ বাছাইপর্বে শতভাগ সাফল্য ধরে রেখেছে ব্রাজিল।

বাংলাদেশ সময় বুধবার ভোরে উরুগুয়েকে তাদেরই মাঠে ০-২ গোলে হারিয়ে চার ম্যাচে চতুর্থ জয় নিয়েই মাঠ ছেড়েছে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নরা। আর্থুর মেলো গোলে তারা এগিয়ে যাওয়ার পর ব্যবধান দ্বিগুণ করেন রিচার্লিসন।

ম্যাচের পাঁচ মিনিটের প্রথম সুযোগটা অবশ্য তৈরি করেছিল উরুগুয়েই। ডি-বক্সের বাম পাশ দিয়ে ঢুকে কাছের পোস্ট দিয়েই শট নিয়েছিলেন ডারউইন নুনেজ। কিন্তু সেটি প্রতিহত হয় পোস্টে লেগে। এর মিনিট দুয়েক পর ২৫ গজ দূর থেকে ফ্রি-কিক পায় ব্রাজিল। যেটি কাজে লাগাতে পারেননি ডগলাস লুইজ।

ব্রাজিলের সামনে এমন সুযোগ আসে আরও বেশ কয়েকবার। কিন্তু ফাইনাল থার্ডে গিয়ে খেই হারিয়ে ফেলায় গোল পায়নি তারা। উল্টো ব্রাজিলের ফ্রি-কিক থেকে কাউন্টার অ্যাটাক করে ভয় ধরিয়ে দিয়েছিলেন উরুগুয়ের স্ট্রাইকার এডিনসন কাভানি। গোলরক্ষক এডারসনের ক্ষিপ্রতায় সে যাত্রায় রক্ষা পায় ব্রাজিল।

ব্রাজিলের প্রথম গোল পেতে অপেক্ষা করতে হয় ৩৪ মিনিট পর্যন্ত। ডানপ্রান্ত থেকে ক্রস বাড়িয়েছিলেন গ্যাব্রিয়েল হেসুস, ডি-বক্সের ভেতরে ঠিকঠাক ক্লিয়ার করতে পারেনি উরুগুয়ে। ফলে ফাঁকায় পেয়ে যান মিডফিল্ডার আর্থুর মেলো। নিকটবর্তী ডিফেন্ডারকে পাশ কাটিয়ে বাম পাশের পোস্ট দিয়ে বল জালে জড়ান মেলো।

গোল হজম করে ম্যাচে সমতা ফেরাতে মরিয়া হয়ে পড়ে উরুগুয়ে। কিন্তু উল্টো ৪৫ মিনিটের সময় দ্বিতীয় গোল হজম করে তারা। ডি-বক্সের বাইরে পাওয়া ফ্রি-কিক থেকে বল পান রেনান লোদি। তার বাড়ানো ক্রসে মাথা ছুঁইয়ে ব্যবধান দ্বিগুণ করেন রিচার্লিসন। এ গোলের ফলে প্রথমার্ধেই যেন ম্যাচের ফল ঠিক করে ফেলে ব্রাজিল।

তবে বিরতিতে যাওয়ার আগেই ব্রাজিল শিবিরে কাপন ধরিয়েছিল উরুগুয়ে। অতিরিক্ত যোগ করা তৃতীয় মিনিটে ম্যাচের প্রথম হলুদ কার্ড দেখেন

ডগলাস লুইজ, বিপজ্জনক জায়গায় ফ্রি-কিক পায় স্বাগতিকরা। সেই ফ্রি-কিক থেকে উড়ে আসা বলে দারুণ এক হেড করেছিলেন গডিন। অসামান্য দক্ষতায় সেটিতে হাত ছুঁইয়ে বারের ওপর দিয়ে পাঠিয়ে দেন ব্রাজিল গোলরক্ষক।

দ্বিতীয়ার্ধে ফিরে নিজের প্রথমার্ধের ধারেকাছেও খেলতে পারেনি উরুগুয়ে। উল্টো ৭১ মিনিটের সময় লাল কার্ড দেখেন কাভানি। যার ফলে দশজনের দলে পরিণত হয় উরুগুয়ে। তবে এ সুযোগ কাজে লাগাতে পারেনি ব্রাজিল, ম্যাচে হয়নি আর কোনো গোল।

এ জয়ে পয়েন্ট টেবিলের শীর্ষস্থান ধরে রাখল ব্রাজিল। ৪ ম্যাচে পূর্ণাঙ্গ ১২ পয়েন্ট পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নদের।

জার্মানিকে ৬ গোলে উড়িয়ে দিল স্পেন

ফেররান তোরেসের দুর্দান্ত হ্যাটট্রিকে জার্মানিকে গোলবন্যায় ভাসিয়ে উয়েফা নেশনস লিগের শিরোপা লড়াইয়ে এগিয়ে গেল স্পেন। ফাইনালসের টিকিট পেতে জার্মানের প্রয়োজন ছিল একটি ড্র। অথচ তারা কি না পেল নিজেদের ইতিহাসের সবচেয়ে বড় পরাজয়।

মঙ্গলবার রাতে সেভিয়ায় ‘এ’ লিগের ৪ নম্বর গ্রুপের ফাইনালসে ওঠার লড়াইয়ে ০-৬ গোলে জিতেছে স্পেন। নিজেদের দীর্ঘ ইতিহাসে কোন প্রতিযোগিতামূলক ম্যাচে এত বড় ব্যবধানে আগে কখনও হারেনি জার্মানি।

ম্যাচে স্পেনের ফরোয়ার্ড ফেররান তোরেস একাই করেছেন তিন গোল। বাকি তিন গোল করেছেন আলভারো মোরাতা, রদ্রি ও মিকেল ওয়ারজাবাল।

ম্যাচের ১৭ মিনিটের সময় প্রথম গোলটি করেন দুর্দান্ত ফর্মে থাকা মোরাতা। মিনিট পাঁচেক আগে কানালেসের ইনজুরিতে মাঠে ঢোকা ফাবিয়ান রুইজের ভেতরে বাকানো কর্ণার থেকে ফাঁকায় দাঁড়িয়ে নিখুঁত হেড করেন মোরাতা। যা ঠেকানোর সাধ্য ছিল না জার্মান গোলরক্ষক

ম্যানুয়েল নয়্যারের।

এরপর ম্যাচের ৩৩ মিনিটে নিজের হ্যাটট্রিকের প্রথম গোলটি করেন ফেররান তোরেস। বাম পাশ দিয়ে উঠে আসা হোসে গায়ার কাছ থেকে বল পান রুইজ। তিনি সামনে বাড়িয়ে দেন ফেররানের উদ্দেশ্যে, যিনি সহজেই পরাস্ত করেন নয়্যারকে।

এর মিনিট পাঁচেক পর আবারও আক্রমণে ওঠে স্পেন। একের পর এক আক্রমণে কোণঠাসা হয়ে থাকা জার্মানি সেই আক্রমণ কোনোমতে কর্ণারের বিনিময়ে ঠেকায়। তবে কোকের নেয়া সেই কর্ণার থেকেই দারুণ এক হেডে স্কোরশিটে নাম তোলেন রদ্রি, ৩-০ গোলে এগিয়ে থেকে বিরতিতে যায় স্পেন।

বিরতি থেকে ফিরে জার্মানির লক্ষ্য ছিল ঘুরে দাঁড়ানোর। কিন্তু সেটিও করতে দেয়নি স্পেন। বারবার আক্রমণে উঠে জার্মানির রক্ষণের দুর্বলতা যেন চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিচ্ছিল লুইস এনরিকের শিষ্যরা।

এরই মাঝে ৫৫ মিনিটের সময় নিজের দ্বিতীয় ও দলের হালি পূরণ করেন ফেররান। পাল্টা আক্রমণে হোসে গায়ার পাস থেকে নিখুঁত ফিনিশিংয়ে আনন্দে মাতেন এ তরুণ। এর ১৬ মিনিট পর ফাবিয়ান রুইজের পাস পেয়ে ডি-বক্সের বাইরে থেকে জোরালো শটে হ্যাটট্রিক পূরণ করেন ফেররান তোরেস।

পুরো ম্যাচে স্পেনের জাল বরাবর একটি শটও নিতে পারেনি জার্মানি। উল্টো নির্ধারিত সময়ের এক মিনিট বাকি থাকতে জার্মানির জালে অর্ধ ডজন পূরণ করেন মিকেল ওয়ারজাবাল।

এ জয়ে ৬ ম্যাচে তিন জয় ও দুই ড্রয়ে ১১ পয়েন্ট নিয়ে পরের পর্বে পা রাখলো স্পেন। দুই জয় ও তিন ড্রয়ে জার্মানির পয়েন্ট ৯। এক ম্যাচ করে কম খেলা ইউক্রেন ও সুইজারল্যান্ডের পয়েন্ট যথাক্রম ৬ ও ৩।

উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টে যশোরের জয়

ঝিনাইদহ সদরের সাগান্না ইউনিয়নের উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টের তৃতীয় ম্যাচে জীবন নগর একাদশের বিপক্ষে ২-০ গোলের ব্যবধানে জয় পেয়েছে যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশ।

আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশের খেলোয়াড় মোঃ নাজমুল ইসলাম। খেলায় একটি গোল করেন যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশের ০৭ নম্বর জার্সি পরিহিত খেলোয়াড় মোঃ নাজমুল ইসলাম।

খেলা শেষে সেরা খেলোয়াড়-এর হাতে পুরস্কার তুলে দেন, ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন ও সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগ নেতা মোঃ মশিউর রহমান।

খেলাটির আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনায় রয়েছে উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব।

মেসির খেলায় বয়সের ছাপ, নেইমারে ভরসা খুঁজছে বার্সা

এবার ব্রাজিলিয়ান ফুটবল তারকা নেইমারকে বার্সেলোনা ক্লাবের ভবিষ্যৎ বানাতে এখনো স্বপ্ন দেখে যাচ্ছে কাতালোনিয়ান জায়ান্টরা। বলা হচ্ছে, সবদিক বিবেচনা করে দ্রুতই মেসির বিকল্প খুঁজছে বার্সা। আর সেখানে নেইমারই তাদের প্রথম পছন্দ। মেসি নিজেও তার বিকল্প হিসেবে সাবেক সতীর্থকে একাধিকবার ন্যু ক্যাম্পে আনতে চেয়েছেন।

জানা গেছে, নেইমারকে নিয়ে বার্সার আবার নতুন করে চিন্তা করছে। সেটা আর্জেন্টিনা-প্যারাগুয়ে ম্যাচে লিওনেল মেসির খেলা দেখে। ৩৩ বছর বয়সী ফরোয়ার্ড সেদিন ছিলেন নিজের ছায়া হয়ে। দল করেছে ১-১

গোলে ড্র। অতীতে যেকোনো মৌসুমের চেয়ে এবার মেসিকে বেশ ক্লান্ত দেখাচ্ছে। খেলাতেও পড়েছে বয়সের ছাপ।

উল্লেখ্য, ২০১৫ সালে নেইমারকে হিসাবের বাইরে দেয়া হয়েছিল ১০ মিলিয়ন ইউরো। বার্সেলোনা এখন টাকাটা ফেরত চেয়ে নিচ্ছে মামলার প্রস্তুতিও। ব্রাজিলিয়ান ফরোয়ার্ডও সাবেক ক্লাবের থেকে ৬০ মিলিয়ন ইউরো ফেরত নিতে মামলাও হবে বলে খবর ছড়ায়। তবে সাপে-নেউলে সম্পর্ক বার্সা-নেইমারের কথাটা ভুল। বার্সার নেইমারে ভরসা খুঁজছে তারই ইঙ্গিত দিচ্ছে।
সূত্র : স্পোর্ত।

মেসি আর বার্সায় থাকবে না: ফিগো

আগামী মৌসুমে নিশ্চিতভাবেই বার্সেলোনা ছাড়বেন লিওনেল মেসি-এমনটাই মনে করছেন লুইস ফিগো। প্রাক্তন পর্তুগিজ তারকা নিজেও এক সময় ক্যাম্প ন্যুতে খেলেছেন। মেসির মরিয়া মনোভাব দেখে তাঁর মনে হচ্ছে, আর্জেন্টাইন মহাতারকার আর বার্সেলোনায় খেলার ইচ্ছে নেই। এই মৌসুমেই মেসি ক্লাব ছাড়তে চেয়েছিলেন। কিন্তু চুক্তি নিয়ে জটিলতা থাকায় শেষ পর্যন্ত নিজের সিদ্ধান্ত থেকে সরে আসেন। স্পেনের প্রচারমাধ্যমে দেওয়া সাক্ষাৎকারে ফিগো বলেছেন, ‘‘কেউ যদি কোথাও না থাকতে চায়, তা হলে কোনও কিছুই তার সেই সিদ্ধান্তের পরিবর্তন ঘটাতে পারে না।’’

ফিগো আরও বলেছেন, ‘‘ও (মেসি) নিশ্চয়ই ক্লাব ছাড়বে ঠিক করে ফেলেছিল। তবে তার আগে কী কী হয়েছিল, তা আমি জানি না।’’ যোগ করেন, ‘‘সব ক্লাবই মেসির মতো ফুটবলারকে দলে চায়। কিন্তু ওর মতো ফুটবলারের থাকা অথবা না থাকা নির্ভর করে ক্লাবের অর্থনৈতিক অবস্থার মতো বিষয়ের উপরেও। তাকে কত বেতন দিতে হচ্ছে, সংশ্লিষ্ট ফুটবলারের নিজের ইচ্ছেটা কী— এ সবও ব্যাপার জড়িয়ে থাকে।’’

ফিগোর আরও বলেন, ‘‘যে কোনও ফুটবল ভক্তের মতো আমিও লক্ষ্য রেখেছিলাম মেসিকে নিয়ে ঠিক কী হচ্ছে। বিশেষ করে, ওর বার্সেলোনা

ছাড়তে চাওয়ার বিষয়টা। প্রত্যাশিত ভাবেই এই ঘটনায় আমি অবাক হয়েছিলাম।’’
এই মৌসুমে ১০ ম্যাচে বার্সেলোনার হয়ে ৬টি গোল করেছেন মেসি। সতীর্থদের দিয়ে চারটি গোল করিয়েছেন। আর্জেন্টাইন কিংবদন্তির বয়স এখন ৩৩। ক্লাবের সঙ্গে এখনও চুক্তি নবীকরণ করেননি। পরের বছরের জুনে চুক্তির মেয়াদ শেষ হচ্ছে। নিশ্চিতভাবেই ক্যাম্প ন্যু’র পরিচালন গোষ্ঠী চাইবে মেসি তাঁদের ক্লাব থেকেই অবসর নিন। কিন্তু তাঁর ক্লাবে থাকাটা সত্যিই অনিশ্চিত।

ফ্রান্সের কাছে ১-০ গোলে পর্তুগালের হার

উয়েফা ন্যাশনস লিগে পর্তুগালকে ১-০ গোলে হারিয়েছে বর্তমান বিশ্বচ্যাম্পিয়ন ফ্রান্স। লিগ ‘এ’ এর তিন নম্বর গ্রুপের ম্যাচে এ জয়ের ফলে আসরের ফাইনাল নিশ্চিত করেছে ফ্রান্স।

অন্যদিকে শিরোপা জয়ের আশা শেষ হয়ে গেল রোনালদোর পর্তুগালের।

শনিবার (১৪ নভেম্বর) দিবাগত রাতে পর্তুগালের লিসবনে এই জয়ে পাঁচ ম্যাচে চার জয় ও এক ড্রয়ে ১৩ পয়েন্ট নিয়ে গ্রুপের শীর্ষে থেকে ফাইনালে ওঠে দিদিয়ে দেশমের শিষ্যরা।

আর ১০ পয়েন্ট নিয়ে দুইয়ে থেকে চ্যাম্পিয়নশিপ থেকে ছিটকে গেল পর্তুগাল। গ্রুপ পর্বের ম্যাচে শেষে দুই দলের পয়েন্ট সমান হলে মুখোমুখি লড়াইয়ে এগিয়ে থাকার সুবাদে ফাইনালে উঠবে ফ্রান্স।

বোল্টের চেয়ে জোরে দৌড়ান রোনালদো

সর্বকালের সেরা দৌড়বিদ মনে করা হয় উসাইন বোল্টকে। তিনিই কিনা দৌড়ে এবার নিজের থেকে এগিয়ে রাখলেন ক্রিস্টিয়ানো রোনালদোকে। তিনি বলেন, ‘এতটুকু নিশ্চিত ক্রিস্টিয়ানো এখন আমার চেয়ে অনেক জোরে দৌড়ায়।’

উসাইন আরও বলেন, ‘সে প্রতিদিন ব্যায়াম করে, সে একজন সুপার অ্যাথলেট। সবসময় খেলার উপরেই তার স্থান। কঠোর পরিশ্রম আর মনোযোগ ধরে রাখে। আমি বলতে পারি সে এখন আমার চেয়েও জোরে দৌড়ায়।’

উল্লেখ্য, ২০১৭ সালে ট্র্যাক ছেড়ে অবসরে যান বোল্ট। অলিম্পিকের ইতিহাসে অবিস্মরণীয় কিছু মুহূর্ত উপহার দেওয়া এই তারকার দখলে আছে ১০০ ও ২০০ মিটার দৌড়ের দ্রুততম রেকর্ড।

২০০৯ সালে বার্লিনে বিশ্ব চ্যাম্পিয়নশিপে ৯.৫৮ সেকেন্ডে ১০০ মিটার দৌড়ে বিশ্ববাসীকে তাক লাগিয়ে দিয়েছিলেন বোল্ট। তাছাড়া, ১৯.১৯ সেকেন্ডে ২০০ মিটার দৌড়েও করেছিলেন বিশ্বরেকর্ড।